# দিলীপের বিরুদ্ধে কমিশনে তৃণমূল

**দীপঙ্কর নন্দী:** বিজেপি নেতার বিরুদ্ধে কমিশনকে চিঠি দিল তৃণমূল। বিজেপি নেতা দিলীপ ঘোষ সম্প্রতি বলেছিলেন, কালীঘাটেও হামলা হবে, ভবানীপুরেও হামলা হবে। এই হুমকিমূলক মন্তব্য নিয়েই বিধিভঙ্গের অভিযোগ তুলে কমিশনকে চিঠি দিয়েছেন রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়েন। অভিযোগে বলা হয়েছে, তৃণমূল নেতা–মন্ত্রীদের নাম করে প্রকাশ্যে হুমকি দেওয়া হচ্ছে। চেতলা, কালীঘাট এলাকায় আতঙ্ক ছড়ানোর চেষ্টা হচ্ছে। কমিশনকে লেখা চিঠিতে বলা হয়েছে, শোকজ নোটিস ও এফআইআর দায়ের করা হোক। পাশাপাশি, নিরাপত্তা বাড়িয়ে দেওয়া হোক এবং বিতর্কিত ভিডিওগুলি সরিয়ে দেওয়া হোক। কমিশনকে লেখা তৃণমূলের চিঠিতে ৬ দফা দাবি জানানো হয়েছে। বলা হয়েছে, দিলীপ ঘোষকে অবিলম্বে শোকজ করা হোক এবং ভারতীয় ন্যায়সংহিতার ৩৫১ ও ১০৯ ধারায় তাঁর বিরুদ্ধে এফআইআর করার নির্দেশ দেওয়া হোক। আগামী দিনে যাতে তিনি প্ররোচনামূলক মন্তব্য না করেন, তা থেকে তাঁকে বিরত রাখা হোক। কেন তিনি এ ধরনের হুমকিমূলক কথা বলেছেন, তা নিয়ে বিজেপি নেতৃত্বের কাছে ব্যাখ্যা চাওয়ার দাবি জানিয়েছে তৃণমূল। প্রসঙ্গত, কিছুদিন আগে মন্ত্রী শশী পাঁজার বাড়িতে হামলা চালিয়েছিল বিজেপির কয়েকজন কর্মী। সেই বিষয় নিয়ে দিলীপ ঘোষ মন্তব্য করেছিলেন, কালীঘাট ও ভবানীপুরে এরকম ঘটনা ঘটতে পারে, তার প্রেক্ষিতেই চিঠি দিল তৃণমূল।

# বিচারাধীন ২৩ লক্ষ ভোটারের নাম নিষ্পত্তি

**আজকালের প্রতিবেদন**

বিচারাধীন ভোটারদের মধ্যে এখনও পর্যন্ত ২৩ লক্ষ ৩০ হাজার ভোটারের নিষ্পত্তি হল। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে বুধবার এই খবর জানা গেছে। এই সপ্তাহে বেরোবে সাপ্লিমেন্টারি লিস্ট। এই সাপ্লিমেন্টারি লিস্টে লেখা থাকবে 'অ্যাডিশন' এবং 'ডিলেটেড'। সাপ্লিমেন্টারি লিস্টে যে ভোটারদের নাম বৈধ বলে বিবেচিত হবে, তাঁদের নাম চূড়ান্ত ভোটার তালিকায় উঠবে। এই গোটা প্রক্রিয়াটা বিচারকদের তত্ত্বাবধানে হচ্ছে। পাশাপাশি বুধবার রাজ্যে এলেন পর্যবেক্ষকরা। এর মধ্যে ১০০ জন সাধারণ পর্যবেক্ষক এসেছেন, পুলিশ পর্যবেক্ষক এসেছেন ৮৪ জন ও আয়ব্যয়ের হিসাব সংক্রান্ত পর্যবেক্ষক এসেছেন ১০০ জন। ২৯৪টি বিধানসভা কেন্দ্রেই পর্যবেক্ষক থাকবেন। অন্যদিকে প্রায় ২০ হাজার ভোটার কার্ড নির্বাচন কমিশনে ফেরত এসেছে বলে অভিযোগ। নির্বাচন কমিশন জানিয়েছে, তিন–তিনবার পোস্ট অফিসের কর্মীরা বাড়ি বাড়ি গিয়েছিলেন কিন্তু অনেক মানুষকে খুঁজে পাওয়া যায়নি। ফলে জেলার নির্বাচন অধিকারিকরা এই ভোটার কার্ড রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে ফেরত পাঠিয়ে দেন। সাংবাদিকরা এই নিয়ে রাজের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়ালকে প্রশ্ন করেন। তিনি বলেন, 'গোটা বিষয়টা তদন্ত হবে। এবং কী কারণে ফেরত এসেছে, তা খুঁজে বার করা হবে।' বুধবার থেকে রাজ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে 'কমপ্লেইন সেল' খোলা হল। এখানে তিনজন অফিসার ও ৬ জন মাইক্রো অবজার্ভার থাকবেন। এখানে যে কেউ ১৯৫০ নম্বরে ফোন করে অভিযোগ করতে পারেন। এছাড়া আরও একটি টোল ফ্রি নম্বর চালু করা হবে। এখানে অভিযোগ এলেই ৮ ঘণ্টার মধ্যে তা সমাধান করা হবে। নির্বাচনী আচরণবিধি চালু হয়ে গেছে। কমিশন এদিন ফের স্পষ্ট করে দেন রাজনৈতিক দলগুলো ব্যক্তিগত আক্রমণ কেউ কারওকে করতে পারবেন না। যদি কেউ এই নিয়ম লঙ্ঘন করেন নিয়ম অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে গিরিশ পার্কের অশান্তির ঘটনায় কলকাতার নগরপালের তদন্ত রিপোর্ট নির্বাচন কমিশনে জমা পড়েছে। ওই রিপোর্ট দেখে কমিশন খুশি নয়। বুধবার রাজ্য পুলিশ, কলকাতা পুলিশ, কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে বৈঠক করলেন নির্বাচন কমিশনের সিইও। এবং এদিন সিইও টেলিকম সংস্থাগুলোর সঙ্গেও বৈঠক করেন।




দমদম বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী ব্রাত্য বসুর সমর্থনে দেওয়াল লিখন। বুধবার। ছবি: ভবতোষ চক্রবর্তী

# আক্রমণ চলছে বাংলায়

● ১ পাতার পর

অন্যদিকে, রাজীব মিশ্রকে এডিজি মডার্নাইজেশন ও কো–অর্ডিনেশন করা হল। প্রবীণ কুমার ত্রিপাঠী এবং সুনীলকুমার চৌধুরি হলেন আইজি এসটিএফ। সুকেশকুমার জৈন হলেন আইজি উত্তরবঙ্গ, আকাশ মাঘারিয়া হলেন ডিআইজি আইবি। ড. কোটেশ্বর রাও হলেন ডিআইজি আইবি। লক্ষ্মীনারায়ণ মিনা হলেন এডিজি কারেকশনাল সার্ভিস এবং অতিরিক্ত দায়িত্ব হিসেবে এডিজি স্টেট ক্রাইম রেকর্ড ব্যুরোর কাজ তিনি দেখবেন। জন থমাস কে হলেন আইবি–র স্পেশ্যাল সুপার। অভিজিৎ ব্যানার্জিকেও ওই একই পদে আনা হয়েছে। ইন্দিরা মুখার্জিকে পাঠানো হয়েছে সিআইডি স্পেশ্যাল সুপার পদে। পারিজাত বিশ্বাস হলেন রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের পুলিশ সুপার। প্রিয়ব্রত রায় হলেন কলকাতা পুলিশের ডিসি ট্রাফিক। আমনদীপ হলেন আইবি–র স্পেশ্যাল সুপার। ওই একই পদে আনা হল কামনাশিস সেনকে। বিশপ সরকার হলেন রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের পুলিশ সুপার। ধৃতিমান সরকার হলেন আইবি স্পেশ্যাল সুপার। সন্দীপ কাররা হলেন রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্সের পুলিশ সুপার। ওই একই পদে আনা হয়েছে আরিশ বিলাল এবং পলাশচন্দ্র ঢালিকে। ড. হোসেন মেহেদি রহমান হলেন আইবি স্পেশ্যাল সুপার।

ঠিক হয়েছে, কলকাতা পুলিশের নির্বাচন সেলের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত পুলিশ কমিশনার দেবেন্দ্রপ্রকাশ সিং। তাঁর সঙ্গে আরও ৫ আইপিএসকে যুক্ত করা হয়েছে। এঁরা হলেন অতিরিক্ত পুলিশ কমিশনার সন্তোষ পান্ডে, যুগ্ম পুলিশ কমিশনার অজয় প্রসাদ, ডেপুটি কমিশনার অভিষেক মোদি, ডেপুটি কমিশনার অরিন্দম সরকার, ডেপুটি কমিশনার বিদিত রাজ বুন্দেশ।

# ভোটের আগে ৩ হাজারেরও বেশি চাকরিপ্রার্থীর নিয়োগের সুপারিশপত্র

**আজকালের প্রতিবেদন**

**একাদশ–দ্বাদশ**

একাদশ–দ্বাদশে শিক্ষক নিয়োগের জন্য দ্বিতীয় দফার কাউন্সেলিং শুরু হবে ২৪ মার্চ থেকে। এই দফায়, ভোটের আগে, ৩ হাজারেরও বেশি চাকরিপ্রার্থী নিয়োগের সুপারিশপত্র পেতে চলেছেন। বুধবার দ্বিতীয় দফার কাউন্সেলিংয়ের সূচি প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। এই দফায় ১০টি বিষয়ের কাউন্সেলিং হবে। কাউন্সেলিং হবে ২৪, ২৫, ২৭, ২৮ মার্চ, ১, ২, ৪, ৬, ৭, ৮, ৯, ১৩, ১৬, ১৭ এপ্রিল। ১০টি বিষয় হল, রাশিবিজ্ঞান, হিন্দি, কমার্স, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ভূগোল, গণিত, কম্পিউটার অ্যাপ্লিকেশন, হোম ম্যানেজমেন্ট অ্যান্ড হোম নার্সিং। যাঁরা ডাক পেয়েছেন, তাঁরা এ সংক্রান্ত চিঠি কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে ২১ মার্চ থেকে ডাউনলোড করতে পারবেন। কাউন্সেলিং শুরু হবে সকাল ১০টায়। কেন্দ্রীয় ভাবে এই কাউন্সেলিং হবে আচার্য সদনে, কমিশনের দপ্তরে। এর আগে ৭টি বিষয়ে ১৮২ জনকে ইতিমধ্যেই সুপারিশপত্র দিয়েছে কমিশন।

# শুক্র, শনিতে দুই বঙ্গে ঝড়বৃষ্টি

● ১ পাতার পর

আবহাওয়া দপ্তর জানিয়েছে, আজ পর্যন্ত স্থানীয় ভাবে কয়েকটি জায়গায় বৃষ্টি হলেও, কাল ও পরশু ঝড়বৃষ্টি বাড়ার সম্ভাবনা রয়েছে রাজ্যের সব জেলায়। ঝড়ের জন্য দক্ষিণবঙ্গে কমলা সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টির জন্য কমলা সতর্কতা রয়েছে উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি–সহ বেশ কিছু জেলায়। কিছু জেলায় হলুদ সতর্কতা আছে উত্তর ও দক্ষিণ দুই বঙ্গেই। সোমবার কলকাতা, বিধাননগর–সহ বিভিন্ন জেলায় ঝড়বৃষ্টি হওয়ায় মঙ্গলবার সর্বনিম্ন তাপমাত্রা কমেছিল রাজ্যজুড়ে।

# বিজেপির ৫ মিথ্যাচার

● ১ পাতার পর

বাংলার মানুষ এই প্রতিটি বিষয় লক্ষ রেখেছেন। তাঁরা প্রস্তুত হচ্ছেন, মোদি সরকারকে জবাব দেওয়ার জন্য।

● মিথ্যা ১

বিজেপি বাংলার উন্নয়ন করেছে। এই প্রচার আসলে সর্বৈব মিথ্যা। তৃণমূল তথ্য দিয়ে জানিয়েছে, বাংলার প্রাপ্য ১ লক্ষ ৯৬ হাজার কোটি টাকা আটকে রাখা হয়েছে। কিন্তু বাংলার সরকার এই বৈষম্যমূলক আচরণের মধ্যেও প্রতি বছর ২৬ হাজার ৭০০ কোটি টাকা লক্ষ্মীর ভাণ্ডারের জন্য দিয়ে থাকে। ফলে বাংলার মহিলারা আজ অনেক বেশি স্বনির্ভর। এই মুহূর্তে লক্ষ্মীর ভাণ্ডারে ৭৪ হাজার কোটি টাকারও বেশি খরচ করা হয়েছে। বাংলার মেয়েদের জন্য বাংলা নিজেই খরচ করে।

● মিথ্যা ২

বাংলার সরকার নাকি কেন্দ্রের টাকা খরচ করতে পারে না। এটিও একটি বড় মিথ্যা কথা। কারণ, মনরেগা প্রকল্পে বাংলার প্রাপ্য ৫২ হাজার কোটি টাকা এখনও দেওয়া হয়নি। কলকাতা হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট ওই টাকা দিতে বলেছিল। কিন্তু বিজেপি সরকার সে কথায় কর্ণপাত করেনি।

● মিথ্যা ৩

জলজীবন মিশন নিয়ে তারা অনেক বড় বড় কথা বলে। প্রকৃত সত্য জলজীবন মিশন প্রকল্পে কেন্দ্র সরকার টাকা দেয়নি। রাজনৈতিক প্রতিহিংসা নেওয়ার জন্য জলজীবন ফান্ডে ২ হাজার ৫২৫ কোটি টাকা আটকে রেখেছে।

● মিথ্যা ৪

বাংলায় নারীরা অসুরক্ষিত। এই মিথ্যা প্রচার সারা বছরই বিজেপি নেতারা করে থাকেন। এবং ভোটের প্রচারেও তা বলছেন। প্রকৃত সত্য হল, কলকাতা হল ভারতবর্ষের সবচেয়ে নিরাপদ শহর। যা কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের তথ্যে স্পষ্ট হয়ে গিয়েছে। অন্যদিকে, বিজেপি শাসিত উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের দিকে তাকান, দিল্লির দিকে তাকান— প্রায় প্রতি ১ লক্ষ মানুষের মধ্যে ২ হাজারেরও বেশি অপরাধ হয় নারীদের সঙ্গে।

● মিথ্যা ৫

প্রচারে বহুদিন ধরেই বলা হচ্ছিল অনুপ্রবেশকারী রয়েছে বাংলায়। আপনারা ৬৩ লক্ষ নাম ভোটার তালিকা থেকে বাদ দিয়েছেন। ৬০ লক্ষ মানুষকে 'বিচারাধীন' করে রেখেছেন। তাঁদের ভবিষ্যৎ কী? বাংলায় আদৌ কত অনুপ্রবেশকারী রয়েছেন, সে বিষয়ে এখনও পর্যন্ত কোনও প্রমাণ আপনারা দিতে পারেননি। শুধুমাত্র ভোটাধিকার হরণ করে বাংলাকে অসম্মান করছেন। বাংলার মানুষ এই মিথ্যাচার এবং প্রকৃত শাসনের বিষয়ে স্পষ্টভাবেই জেনে গিয়েছেন। বাংলার প্রতি আপনাদের মনোভাব কেমন, তা বাংলার মানুষ জানেন। কোনও প্রচারেই আপনারা এই সত্য চাপা দিতে পারবেন না।

**আধিকারিকদের বদল**

নির্বাচন কমিশন বিজেপির কথায় যেভাবে কাজ করছে, তা একেবারে চরম অবস্থায় পৌঁছেছে। ভোট ঘোষণা হওয়ার ৭২ ঘণ্টার মধ্যেই স্বেচ্ছাচারিতার চূড়ান্ত নিদর্শন দেখিয়েছে কমিশন। যাঁরা বাংলার নির্বাচন সুষ্ঠু করার কাজে যুক্ত ছিলেন, এমন ১৩ জন যোগ্য আধিকারিককে বদলি করে দেওয়া হয়েছে। জেলাশাসক থেকে শুরু করে পুলিশকর্তা পর্যন্ত। কোচবিহার, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, দার্জিলিং এবং আলিপুরদুয়ারের জেলাশাসক–ডিইও–দের বদলি করা হয়েছে। শুধু তাই নয়, দক্ষিণ কলকাতার ডিইও, পুর কমিশনারদেরও বদল করা হয়েছে। যাঁদের বদলি করা হল, তাঁরা যথেষ্ট যোগ্য আধিকারিক এবং অভিজ্ঞ। তাঁরা প্রতিটি জেলার বিষয়টি নখদর্পণে জানেন। তাঁরা জানেন সুষ্ঠু ও অবাধ নির্বাচন করতে হলে কী ধরনের পদক্ষেপ নিতে হয়। কিন্তু বিজেপির নির্দেশে গোটা রাজ্যের প্রশাসনিক মহলকে তছনছ করে দেওয়া হচ্ছে, নির্বাচিত সরকারের সঙ্গে কোনও ধরনের যোগাযোগ না করেই। কেন এ ধরনের ঘটনা? যাঁরা বিজেপির তল্পিবাহক, তাঁদেরই বাইরে থেকে অবজার্ভার করে এ রাজ্যে আনা হচ্ছে। যাতে দিল্লির জমিদারদের কথায় তাঁরা কাজ করতে পারেন। তৃণমূল দেশের অন্যান্য অংশের পরিস্থিতি নিয়েও তীব্র সমালোচনা করেছে। উত্তরপ্রদেশে মহাজঙ্গলরাজ চলছে। নারী ও শিশু নিরাপত্তায় ব্যর্থ ডবল ইঞ্জিন সরকার। দুষ্কৃতীরা ৪ বছরের শিশুকন্যাকে চকোলেটের লোভ দেখিয়ে নৃশংসভাবে ধর্ষণ করেছে। তারপর পাথর থেঁতলে মেরে ফেলেছে। শুধু তাই নয়, বাড়ি থেকে ৫০০ মিটার দূরে জঙ্গলে ফেলে দিয়েছে তার দেহ। সে রাজ্যে নারী ও শিশুরা, যে কোনও বয়সেরই হোক, কোনওভাবেই তারা নিরাপদ নয়। ডবল ইঞ্জিন সরকারের উত্তরপ্রদেশ নারীদের বধ্যভূমিতে পরিণত হয়েছে। বাংলায় এসে তাঁরা অনেক চিৎকার–চেঁচামেচি করেন নারী সুরক্ষা নিয়ে, কিন্তু নিজের রাজ্যে যখন ধর্ষণের প্রান্তর তৈরি করে ফেলেছেন, তখন সে বিষয়ে এত নীরব কেন? বাংলায় যদি কিছু হয়, সামান্য ঘটনা নিয়ে বিজেপির প্রচারমাধ্যম সারাদিন তা দেখিয়ে থাকে। যখন উত্তরপ্রদেশে ঘটনা ঘটে, তখন কেন নীরব? মোদি সরকার এক সময় ঘটা করে ঘোষণা করেছিল, 'বেটি বঁচাও, বেটি পড়াও'। কিন্তু দেখা গেল, সেটি একটি শূন্যগর্ভ বিষয়। আপনার রাজ্যে বিচার পাওয়ার অধিকার বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দিয়েছে। গরিবের ঘর ভেঙেছে এবং ধর্ষণকারীদের কখনই গ্রেপ্তার করেনি। এই হচ্ছে ডবল ইঞ্জিন সরকারের প্রকৃত চেহারা— মানে ডবল ডেস্ট্রাকশন, ডবল ডেথ, ডবল শেম। সম্প্রতি মধ্যপ্রদেশের ইন্দোরে একটি তিনতলা বাড়ির ৮ জন মানুষ অগ্নিকাণ্ডে পুড়ে মারা গিয়েছেন। ডবল ইঞ্জিন সরকারের দিল্লিতে পালাম অঞ্চলে এক বাড়িতে অগ্নিকাণ্ডের জেরে তিন শিশু–সহ ৯ জন পুড়ে মারা গেছেন। যদি সামান্য কোনও অগ্নিকাণ্ডের ঘটনা বাংলায় ঘটে, তা নিয়ে তাঁরা হইচই, চিৎকার বাধিয়ে দেন। গেল গেল রব তোলেন। দিল্লির অগ্নিকাণ্ডের ঘটনার তদন্তের জন্য কোনও ফ্যাক্ট ফাইন্ডিং টিম পাঠাবে নাকি! আলিগড় হাসপাতালে গুলি চালানোর ঘটনা আমরা সকলেই জানি। সেখানকার একটি বেসরকারি হাসপাতালে এক জওয়ান গুলি চালিয়ে খুন করে পালিয়ে গিয়েছিল। এই খুনের তদন্ত কি হয়েছে?


## আধার হাউজিং ফিনান্স লিমিটেড

Aadhar Housing Finance Ltd

**কর্পোরেট অফিস:** ৮০২, নটরাজ বাই রুস্তমজি, ওয়েস্টার্ন এক্সপ্রেস হাইওয়ে, স্যার এম ভি রোড, আন্ধেরি (ইস্ট), মুম্বই–৪০০০৬৯, মহারাষ্ট্র
**বর্ধমান শাখা অফিস:** ফার্স্ট ফ্লোর, গোপাল ভবন, হোল্ডিং নং ৩৯, মৌজা– ইচলাবাদ, ওয়ার্ড নং ১০, বর্ধমান–৭১৩১০৩, পশ্চিমবঙ্গ
**আসানসোল শাখা অফিস:** ইউনিট নং ২০৩, ফ্লোর নং ২, চ্যাটার্জি প্লাজা, জিটি রোড, রামবন্ধু তলা, ওয়ার্ড নং ৪৩, আসানসোল, পশ্চিমবঙ্গ–৭১৩৩০৩

**দখল বিজ্ঞপ্তি পরিশিষ্ট–IV (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, আধার হাউজিং ফিনান্স লিমিটেড (এএইচএফএল)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি কোম্পানির অনুমোদিত আধিকারিক হিসেবে দাবি বিজ্ঞপ্তি(সমূহ) জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সম্পর্কিত ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও লেনদেন নীচে উল্লিখিত পরিমাণ অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত এএইচএফএল–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

| ক্রম নং | শাখার নাম / ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)–এর নাম | সুরক্ষিত পরিসম্পদের বিবরণ (স্থাবর সম্পত্তি) | দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং দাবিকৃত অর্থাঙ্ক | দখলের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | [লোন কোড: ০৬৪০০০০০৭১৭, **বর্ধমান** শাখা] প্রয়াত মহঃ সেবগাতুল্লা হক (প্রতিনিধিত্বকারী আইনি উত্তরাধিকারী) (**ঋণগ্রহীতা**) নাসরিন বেগম (**সহ–ঋণগ্রহীতা**) বাজরুল হক (**জামিনদার**) | ৩০০ বর্গফুট মাপের কাঠামো সহ কমবেশি ৩ ডেসিমেল জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা–মুলগ্রাম, জে এল নং ১৫, এল আর খতিয়ান নং ২৭২, আর এস এবং এল আর দাগ নং ৩৪৭, থানা পাণ্ডুয়া, জেলা হুগলি। চৌহদ্দি: পূর্ব: আবদুল জল্লাদের বাড়ি; পশ্চিম: শেখ ইয়াসিনের বাড়ি; উত্তর: শেখ ইব্রাহিমের বাড়ি; দক্ষিণ: ৪ ফুট চওড়া কাঁচা রাস্তা এবং মহঃ মফাজালের বাড়ি। | ৯ অক্টোবর, ২০২৫ ₹৪২৩৩৬৩/– | ১৭ মার্চ, ২০২৬ |
| ২ | [লোন কোড: ০৬৪০০০০১৫২৪, **বর্ধমান** শাখা] প্রভাত সেন (**ঋণগ্রহীতা**) বাসন্তী সেন (**সহ–ঋণগ্রহীতা**) কার্তিক চন্দ্র দত্ত (**জামিনদার**) | বিল্ডিং সহ কমবেশি ১.৭৫ শতক জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা–পাঁচপাড়া, জে এল নং ৯০, এল আর খতিয়ান নং ২৭/১, ২৬/২, ১৫৬/১ এবং ৬৮২, আর এস এবং এল আর প্লট নং ৩৪৩, জিরাট গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা বলাগড়, জেলা হুগলি। চৌহদ্দি: পূর্ব: অসিত কুমার সেনের জমির সম্পত্তি; পশ্চিম: গণেশ পালের জমির সম্পত্তি; উত্তর: দেবকান্ত পল্টার জমির সম্পত্তি; দক্ষিণ: ১০ ফুট চওড়া পাকা রাস্তা। | ২৪ ডিসেম্বর, ২০২৫ ₹৩৯৫৭১৭/– | ১৭ মার্চ, ২০২৬ |
| ৩ | [লোন কোড: ০১৮১০০০০৩১৫ **আসানসোল** শাখা] বাপি দাস (**ঋণগ্রহীতা**) রূপশ্রী দাস (**সহ–ঋণগ্রহীতা**) | কমবেশি ১ কাঠা, ৮ ছটাক জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা পালানজা, জে এল নং ৬, আর এস খতিয়ান নং ২০৫ এবং ২০৭, ২০২২ সালের বিক্রয় দলিল নং I–৭০১০ অনুসারে, আর এস প্লট নং ৩৮১, পুরুলিয়া পুরনিগমের অধীন, ওয়ার্ড নং ১১, হোল্ডিং নং ১০৬, থানা পুরুলিয়া, জেলা পুরুলিয়া। চৌহদ্দি: পূর্ব: ৩ ফুট প্যাসেজ এবং সুকুমার দাস এবং অন্যদের সম্পত্তি; পশ্চিম: নাগন মাহাতো এবং চণ্ডী মাহাতোর সম্পত্তি; উত্তর: কাশীনাথ সারোগির সম্পত্তি; দক্ষিণ: অকুল মাহাতোর সম্পত্তি। | ৯ অক্টোবর, ২০২৫ ₹১২৩১৫০৩/– | ১৬ মার্চ, ২০২৬ |

**স্থান:** বর্ধমান, আসানসোল
**তারিখ:** ১৯.০৩.২০২৬

অনুমোদিত আধিকারিক
আধার হাউজিং ফিনান্স লিমিটেড



## ইন্ডিয়ান ব্যাঙ্ক

ইংডিয়ন বৈংক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

আরামবাগ ব্রাঞ্চ
লিঙ্ক রোড, আরামবাগ, হুগলি, পশ্চিমবঙ্গ, পিন–৭১২৬০১

পরিশিষ্ট IV–A
[রুল ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) এর প্রতি বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতা–এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ নিম্ন উল্লিখিত স্থাবর সম্পত্তি, ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা–এর ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ) এর থেকে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন যা ০৮.০৪.২০২৬ তারিখের সকাল **১০টা থেকে বিকাল ৪টায় 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক | ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|
| **মেসার্স জয় চণ্ডী কৃষি ভাণ্ডার** প্রোপ্রাইটর: মিঃ স্বপন পাল, গ্রাম চণ্ডীনগর, পোঃ দোয়ারহাটা, থানা–জাঙ্গিপাড়া, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৪০৩ **মিঃ স্বপন পাল,** মেসার্স জয় চণ্ডী কৃষি ভাণ্ডার এর প্রোপ্রাইটর, পিতা মিঃ অজিত পাল, ইছাবটি, দোয়ারহাটা, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৪০৩ **মিসেস রুমা পাল** স্বামী স্বপন পাল, ইছাবটি, দোয়ারহাটা, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২৪০৩ **ব্রাঞ্চ: আরামবাগ** | কমবেশি ৭ শতক আবাসিক জমি এবং বিল্ডিংয়ের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা–চণ্ডীনগর, জে এল নং ৭৬, আর এস খতিয়ান নং ৪১৪, এল আর খতিয়ান নং ৪১৩, আর এস এবং এল আর দাগ নং ৮, রাধানগর গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা জাঙ্গিপাড়া, জেলা হুগলি, এডিএসআরও জাঙ্গিপাড়ায় নথিভুক্ত বুক নং I, ভলুম নং ২২, পৃষ্ঠা ২৩১ থেকে ২৩৬, ১৯৯৮ সালের ০৬.১১.১৯৯৮ তারিখের দলিল নং ১৮৮৮, অনুসারে সম্পত্তিটি মিঃ স্বপন পাল এর নামে। **চৌহদ্দি: উত্তর:** প্রবীর মণ্ডলের সম্পত্তি; **দক্ষিণ:** দেবাশিস মণ্ডলের সম্পত্তি; **পূর্ব:** রাস্তা; **পশ্চিম:** গোপাল দাসের সম্পত্তি। | ₹৫৯,১৪,৪৬৭/– (উনষাট লক্ষ চৌদ্দ হাজার চারশো সাতষট্টি টাকা মাত্র) (উপরোক্ত অ্যাকাউন্টের উপর সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ সহ) ১৩.১২.২০২৩ অনুযায়ী তৎসহ ১৪.১২.২০২৩ থেকে উদ্ভূত সুদ। | ক) ₹৩২,৭১,০০০/– (বত্রিশ লক্ষ একাত্তর হাজার টাকা মাত্র) খ) ₹৩,২৭,১০০/– (তিন লক্ষ সাতাশ হাজার একশো টাকা মাত্র) **০৮.০৪.২০২৬ তারিখের বিকাল ৪টার** মধ্যে জমা দিতে হবে গ) ₹২০,০০০/– (কুড়ি হাজার টাকা মাত্র) ঘ) **IDIB50295133939B** ঙ) অনুমোদিত আধিকারিকের সর্বশেষ জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির উপর কোনও দায় নেই। চ) **বাস্তবিক দখল** |

**ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ০৮.০৪.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টা**
**ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে ৮২৯১২২০২২০ নম্বরে কথা বলুন। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.baanknet@psballiance.com** মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ এর এই নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
**https://baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় **বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ** দেওয়া হচ্ছে।


**যোগাযোগের ব্যক্তি: দেবজ্যোতি দাস, অনুমোদিত আধিকারিক এবং ব্রাঞ্চ ম্যানেজার (মোবাইল: ৯৯০৩১১০৬০১)**

**দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস**

তারিখ: ১৮.০৩.২০২৬, স্থান: আরামবাগ
স্বা/– অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক



আবির্ভাব ০৫.০২.১৯২৪



তিরোভাব ১৯.০৩.২০১০

স্মরণে
পরমারাধ্যা কমলা বসু

মা, আজ তোমার কাছে আমার কথা বলার দিন। সারা বছরের হিসাবের খাতা তুমি দেখতে চাইবে। টাকা-পয়সার হিসাব নয়, সময়ের হিসাব। ৩৬৫টা দিন তুমি কিভাবে খরচ করলে! কাকে কি দিলে, নিজেই বা কি নিলে? খোলো তোমার খাতা। আমাকে দেখাও। তোমার কি একবারও মনে হয়নি আমি তোমার নাম 'নিমাই' না রেখে 'নিতাই' কেন রেখেছি। মহাপ্রভুর প্রেমপ্রবাহের নাম 'নিতাই'। আমি তোমাকে পৃথিবীর আলো দেখিয়েছি। সেই আলো বহির্জগতের। রূপ, রস, গন্ধ, বর্ণ, ভোগ, দুর্ভোগ, উপভোগ; কিন্তু অন্তরের আলোটি যে দিনের পর দিন একান্ত জেগে থেকে আকাশপ্রদীপ হয়। আমি সেই 'মা', যে মা তার কচি সন্তানটিকে 'নিত্যের' খাঁচায় ভরতে চায়নি। সে বড় সাহসী মাঃ তন্ত্রগুরুর হাতে তুলে দিয়ে বলেছিল, 'দিন, দিন, উৎসর্গ করে দিন মহামায়ার চরণে। তারপর? জগতে মা-ই নির্দেশ করে দেবেন জীবনের পথ। সময় জটিল থেকে জটিলতর হবে। তারপর অবশ্যম্ভাবী প্রলয়। আবার সৃষ্টি। তারই মাঝে আমাদের অবসাদ। নিতাই। মায়ের কোল শূন্য হয় না; সব দেহই মায়ের দেহ। সব হৃদস্পন্দনই মায়ের পদধ্বনি। সন্ত কবীর বলছেন, 'শব্দ শোনো, শব্দ শোনো'। নিতাই, তোমাকে কেউ জানবে না, তুমি সকলকে জানবে। গভীর রাতে আমি তোমার শিয়রে বসব। পুত্র আজ তোমাকে একটি মন্ত্র শেখাব মানবজীবন রহস্য -

পঞ্চাত্মকং পঞ্চসু বর্তমানং ষড়াশ্রয়ং
ষড়্গুণযোগযুক্তম্।
তং সপ্তধাতুং ত্রিমলং দ্বিযোনিং চতুর্বিধাহারময়ং
শরীরম্।।

স্মরণ রেখো, যে শরীর আমরা মায়ের কাছ থেকে পাই, তার গঠন ও ধর্ম: এটি পঞ্চভূত, ষড়াশ্রয়, ষড়্গুণযোগ, সপ্তধাতু, ত্রিমল, দ্বিযোনি, চতুর্বিধ আহারের সমাহার। পুত্র! আমি প্রকৃতি, তোমার পিতা পুরুষ। উভয়ের মিলন। তারপর বিস্ময়, শুধুই বিস্ময়। তবু কেন এত অবহেলা, অশ্রদ্ধা, নাশকতা, নির্যাতন! পুত্র তোমাকে আমি অমৃতলোকের দিশারী করেছি। মায়ের কর্তব্য পালন করে মহামায়ায় লীন হয়েছি। তুমি আর্তজনের সেবায় জীবন উৎসর্গ করেছ। তুমি জয়ী হও। সেই আশীর্বাদ।
ইতি তোমার মা

পুত্রের নিবেদন: মা, আমার মা, তোমাকে সাষ্টাঙ্গ প্রণাম।

তোমার নিতাই
সঙ্গে তোমার গৌর, বুড়ো (জয়ন্ত)
সৌজন্যে: লেক কালীবাড়ী



## ICICI Bank

ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১

**সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই–নিলামের জনবিজ্ঞপ্তি**

[রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:–

| ক্রম নং | ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/ জামিনদারগণ–এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর | জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য / বায়না জমা | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | ই–নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (A) | (B) | (C) | (D) | (E) | (F) | (G) |
| ১ | মিঃ বাপি সর্দার (ঋণগ্রহীতা) মিতালি সর্দার (সহ–ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং: LBCAL00005046390 | আবাসিক ফ্ল্যাট নং ১বি, ফার্স্ট ফ্লোর, শ্যামপুর এনক্লেভ, আর এস দাগ নং ৭৪৮, আর এস খতিয়ান নং ২২, এল আর দাগ নং ৯৪১, এল আর খতিয়ান নং ১২৪৪, জে এল নং ৪৬, তৌজি নং ৩৫৭, আর এস নং ৩৪, ওয়ার্ড নং ৩৫, মিউনিসিপ্যাল হোল্ডিং নং সি১–৩৮/১৬, সি১–৩৮/এ/নিউ, বিবিটি রোড, কলকাতা অভিমুখে রাস্তার বাম পার্শ্বে, মহেশতলা পুরসভা, মৌজা–শ্যামপুর, থানা– মহেশতলা, পরগনা– বালিয়া, এডিএসআর অফিস– বেহালা, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, কলকাতা–৭০০১৩৭। সুপার বিল্ট আপ এরিয়া ৮৮৪ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ। | ₹ ৩২,৫৯,৭৩৩/– ১২ মার্চ, ২০২৬ অনুযায়ী | ₹ ১৫,০০,০০০/– / ₹ ১,৫০,০০০/– | ৩ এপ্রিল, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো | ১০ এপ্রিল, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু |

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স নেক্সজেন সলিউশনস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://disposalhub.com)–এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ৯ এপ্রিল, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)–কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবিলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ৯ এপ্রিল, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ৯ এপ্রিল, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ৯ এপ্রিল, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ–৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'–এর অনুকূলে Kolkata–তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে–অর্ডার রূপে জমা দিতে হবে।
সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৩৩৪৩৪৩৯ নম্বরে যোগাযোগ করবেন।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড এবং (২) গিরনারসফ্‌ট প্রাঃ লিঃ–কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১৭ মার্চ, ২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড



## গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড

GRIHUM HOUSING FINANCE

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৬, 'বি' বিল্ডিং, গঙ্গা ট্রুনো, লোহেগাঁও, পুণে, মহারাষ্ট্র–৪১১০১৪ ব্রাঞ্চ অফিস ইউনিট: থার্ড ফ্লোর, ১৭৭, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড (বি টি রোড), ডানলপ, বরানগর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭০০০৩৫

ই–নিলাম – বিক্রয় বিজ্ঞপ্তি
সারফায়েসি অ্যাক্টের অধীনে
সুরক্ষিত স্থাবর পরিসম্পদ বিক্রি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('অ্যাক্ট') অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড (উক্ত অ্যাক্ট অনুসারে এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)–এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি, যা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সারফায়েসি অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে দখল নিয়েছেন।
সুরক্ষিত এই পরিসম্পদগুলি ০৪.০৪.২০২৬ তারিখে 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য জানানো হচ্ছে, https://www.bankeauctions.com ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে প্রকাশ্য নিলাম পরিচালিত হবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক জিএইচএফএল/ সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, www.grihumhousing.com দেখুন।

| ক্রম নং | প্রোপোজাল নম্বর/ গ্রাহকের নাম {A} | দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং বকেয়া অর্থাঙ্ক {B} | দখলের প্রকৃতি {C} | সম্পত্তির বিবরণ {D} | সংরক্ষণ মূল্য {E} | ইএমডি (সংরক্ষণ মূল্যের ১০%) {F} | ইএমডি জমার শেষ তারিখ {G} | বিড বাড়ানোর মূল্য {H} | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় {I} | নিলামের তারিখ ও সময় {J} | জানা দায় (যদি থাকে) {K} |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | লোন অ্যাকাউন্ট নম্বর: LAP054620000000 5005278 এবং HF0011H20100122 শুভাশীষ বৈরাগী (ঋণগ্রহীতা) মনিকা দে (সহ–ঋণগ্রহীতা) | বিজ্ঞপ্তির তারিখ: ০৭.০৮.২০২৪ মোট বকেয়া: ₹২৪,২৭,২৫৩/– (চব্বিশ লক্ষ সাতাশ হাজার দুশো তিপান্ন টাকা মাত্র), যার মধ্যে লোন নং LAP054620000000 5005278–এ বকেয়া ৭,৭৯,৮৫১.০০/- এবং লোন নং HF0011H20100122–এ ১৬,৪৭,৪০২.০০/- অন্তর্ভুক্ত। এই পরিমাণ অর্থ ০৭.০৮.২০২৪ তারিখ অনুযায়ী এবং সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১৫% এবং ১৭.০০%% হারে সুদসহ প্রদেয়। | বাস্তবিক | ১৬.৫ ডেসিমেল জমি এবং তার ওপর অবস্থিত কাঠামোর অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা– মহেশচন্দ্রপুর, জে এল নং ১৭৯, আর এস এবং এল আর দাগ নং ১৯৯, আর এস এবং এল আর খতিয়ান নং ২৪৬, হিনারা গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা– চাকদহ, জেলা– নদীয়া। বিক্রয় দলিল অনুযায়ী সম্পত্তির বিবরণ বিশেষভাবে উল্লিখিত হয়েছে। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– নগেন্দ্র নাথ বৈরাগীর শালি জমি; **দক্ষিণ**– নগেন্দ্র নাথ বৈরাগীর শালি জমি; **পূর্ব**– দয়াল মালাকারের শালি জমি; **পশ্চিম**– নগেন্দ্র নাথ বৈরাগীর শালি জমি। | ₹ ২৫০০০০০/– (পঁচিশ লক্ষ টাকা মাত্র) | ₹ ২৫০০০০/– (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) | ০২.০৪.২০২৬ বিকেল ৫টার মধ্যে | ₹ ১০,০০০/– | ৩০.০৩.২০২৬ (সকাল ১১টা থেকে বিকেল ৪টা) | ০৪.০৪.২০২৬ (সকাল ১১টা থেকে দুপুর ২টো) | শূন্য |

নিজেদের বিড জমা দেওয়ার আগে পিএইচএফএল ব্রাঞ্চে এসে নিলামে তোলা সম্পত্তিগুলি পরিদর্শন করে নিজস্ব অনুসন্ধান চালিয়ে সম্পত্তি সংক্রান্ত অতিরিক্ত চার্জ, দায়ভার ও অন্যান্য তৃতীয় পক্ষের স্বার্থ সম্পর্কে জেনে নিজে সন্তুষ্ট হয়ে নেওয়ার জন্য আগ্রহী বিডার/ক্রেতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। সম্পত্তির ওপর নির্ধারিত সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল/জল কর ও অন্যান্য বিধিবদ্ধ বকেয়া সফল বিডারকেই প্রদান করতে হবে।
যথেষ্ট সময় হাতে থাকতেই সম্পর্কিত পোর্টালে আগ্রহী বিডারদের নাম রেজিস্টার করিয়ে নিতে হবে এবং ই–বিডিংয়ের জন্য বাধ্যতামূলক লগইন আইডি ও পাসওয়ার্ড নিলামের সার্ভিস প্রোভাইডার সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, ঠিকানা: প্লট নং ৬৮, থার্ড ফ্লোর (চতুর্থ তল), গুড়গাঁও, হরিয়ানা–১২২০০৩, হেল্পলাইন নম্বর: ৭২৯১৯৮১১২৪, ২৫, ২৬, সাপোর্ট ই–মেল আইডি: Support@bankeauctions.com, **যোগাযোগের ব্যক্তি: ধরণী পি, ই–মেল আইডি: dharani.p@c1india.com, যোগাযোগের নম্বর:** ৯৯৪৮১৮২২২২–এর থেকে সংগ্রহ করে নিতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, আগ্রহী বিডাররা কেবলমাত্র এঁদের থেকেই ই–নিলামের অনলাইন প্রশিক্ষণ নিতে পারবেন। ০২.০৪.২০২৬ বা তার আগে আগ্রহী ক্রেতা/বিডাররা বায়না অর্থাঙ্ক (ইএমডি) যে কোনও রাষ্ট্রায়ত্ত বা তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে এনইএফটি/আরটিজিএস/ডিডি রূপে **'Grihum Housing Finance Ltd.' (ব্যাঙ্কের নাম: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড; অ্যাকাউন্ট নম্বর: 091551000028; আইএফএসসি কোড: ICIC0000915,** (আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, পাঞ্চশীল টেক পার্ক, গণপতি চকের কাছে, ৪৩/৪৪ বিমান নগর–৪১১০১৪)–এর অনুকূলে জমা দিয়ে **https://www.bankeauctions.com** ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্টার করবেন এবং সার্ভিস প্রোভাইডারের থেকে বিনামূল্যে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নেবেন। ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্ট্রেশনের পরে আগ্রহী ক্রেতা/বিডাররা নিম্নলিখিত আপলোড করা নথিগুলি ই–মেলের মাধ্যমে প্রেরণ করবেন এবং এগুলির স্ব–স্বাক্ষরিত মুদ্রিত প্রতিলিপি জমা দেবেন এই ঠিকানায়: থার্ড ফ্লোর, ১৭৭, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড (বি টি রোড), ডানলপ, বরানগর, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭০০০৩৫, মোবাইল নম্বর: +৯১ ৮২৮১১৩৮১৪৩, ইমেল আইডি– **p.adith@grihumhousing.com**। ই–নিলামে অংশ নেওয়ার শর্তাবলী সম্পর্কে আরও বিস্তারিত জানতে অনুগ্রহ করে **https://www.bankeauctions.com** এবং **www.grihumhousing.com** দেখুন।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) অধীনে সম্পর্কিত ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি এই নোটিসটি ১৫ দিনের নোটিস হিসেবেও বিবেচনা করতে হবে

যদি স্থানীয় ভাষার প্রকাশনা এবং ইংরেজি সংবাদপত্রের প্রকাশনার মধ্যে কোনও পার্থক্য থাকে, তবে 'বিজনেস স্ট্যান্ডার্ড'-এ প্রকাশিত ইংরেজি সংবাদপত্রের বিষয়বস্তুই চূড়ান্ত বলে গণ্য হবে।

তারিখ: ১৯.০৩.২০২৬; স্থান: কলকাতা
স্বাঃ– অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড